নরসিংদীতে সাংবাদিকদের সম্মানে জেলা জামায়াতে ইসলামীর ইফতার মাহফিল

নরসিংদী – বাংলাদেশ জামায়াতে ইসলামী নরসিংদী জেলা শাখার উদ্যোগে শনিবার(৮ মার্চ) নরসিংদী প্রেস ক্লাব মিলনায়তনে এক আলোচনা সভা ও সাংবাদিকদের সম্মানে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।
জেলা জামায়াতের আমীর ও কেন্দ্রীয় মজলিশে শূরার অন্যতম সদস্য মাওলানা মোছলেহুদ্দীন ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন। এতে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন নরসিংদী জেলা সেক্রেটারী ও কেন্দ্রীয় মজলিশের শূরার অন্যতম সদস্য অধ্যাপক আমজাদ হোসাইন। জেলা প্রচার ও মিডিয়া সেক্রেটারী আমিরুল ইসলাম আমীরের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, মাওলানা আব্দুল রফিক খান,নরসিংদী সদরের আমীর মাহফুজ ভূইয়া, শহর আমীর আজিজুর রহমান, সাবেক জেলা প্রচার সেক্রেটারী সামসুল ইসলাম প্রমুখ।

উপস্থিত ছিলেন নরসিংদী প্রেস ক্লাবের সভাপতি সহ বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।
আলোচনা ও ইফতার মাহফিলে জামায়াত নেতৃবৃন্দ রমজান মাসের পবিত্রতা বজায় রাখা ও রমজানের তাৎপর্য নিয়ে আলোচনা করেন
হলধর দাস